ISO 9001: 2015 Certified

# ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২
# পানালিয়া, নবাবগঞ্জ।

সদর দপ্তর, পানালিয়া, নবাবগঞ্জ
E-mail : dhakapbs2@gmail.com
Website: pbs2.dhaka.gov.bd

স্মারক নং-২৭.১২.২৬৬২.৫৬১.০২.০০৮.২৫. ৮৭৭

তারিখঃ- ১৮ ফাল্গুন, ১৪৩১ বঙ্গাব্দ।
০৩ মার্চ, ২০২৫ খ্রিষ্টাব্দ।

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এ নিম্নবর্ণিত অফিস সহায়ক ও মালী পদে স্থায়ী ভিত্তিতে শূন্য পদে লোকবল নিয়োগ ও প্যানেল তৈরীর নিমিত্ত আগ্রহী বাংলাদেশী প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত প্রতিপালন সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল | বয়সসীমা | শিক্ষাগত/ প্রয়োজনীয় যোগ্যতা ও দক্ষতা | যে জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না। |
|---|---|---|---|---|---|---|
| ০১. | অফিস সহায়ক | ০১ টি | পবিস বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৫,৫০০.০০ টাকা হতে ৩৯,১৭০.০০ টাকা এবং নিয়মানুযায়ী অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন। | বয়স ১৭/০৩/২০২৫ খ্রিঃ তারিখে সর্বনিম্ন ১৮ বছর/ সর্বোচ্চ ৩২ বছরের মধ্যে থাকতে হবে। | ক) কমপক্ষে এসএসসি অথবা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>খ) প্রার্থীকে অবশ্যই সৎ, বিশ্বস্থ, কর্মঠ ও উত্তম চরিত্রের অধিকারী হতে হবে।<br>গ) প্রার্থীকে সুন্দর শারীরিক গঠন ও সুঠাম দেহের অধিকারীসহ ব্যক্তিত্ব সম্পন্ন হতে হবে।<br>ঘ) প্রার্থীকে বাই-সাইকেল চালনায় পারদর্শী হতে হবে এবং নিজস্ব বাই-সাইকেল থাকতে হবে।<br>ঙ) প্রার্থীকে দাপ্তরিক চিঠিপত্র আদান-প্রদান, পরিষ্কার-পরিচ্ছন্নতা, আপ্যায়ন, অফিস ডেকোরেশন এবং হাউজ কিপিং কাজে পারদর্শী হতে হবে। | ঢাকা পবিস-২ এর ভৌগোলিক এলাকায় স্থায়ীভাবে বসবাসকারী অর্থাৎ ঢাকা জেলার নবাবগঞ্জ ও দোহার উপজেলা, মানিকগঞ্জ জেলার সিংগাইর উপজেলার শায়েস্তা ইউনিয়ন ও হরিরামপুর উপজেলার ধুলশুরা ইউনিয়ন, মুন্সিগঞ্জ জেলার শ্রীনগর উপজেলার বাড়ৈখালী ইউনিয়ন এবং ফরিদপুর জেলার সদরপুর উপজেলার নারিকেলবাড়ীয়া ইউনিয়নের প্রার্থীগণ আবেদন করতে পারবেন না। |
| ০২. | মালী | ০১ টি | পবিস বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৪,৭০০.০০ টাকা হতে ৩৭,১৫০.০০ টাকা এবং নিয়মানুযায়ী অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন। | | ক) অক্ষর জ্ঞান সম্পন্ন হতে হবে।<br>খ) প্রার্থীকে অবশ্যই সৎ, বিশ্বস্থ, কর্মঠ ও উত্তম চরিত্রের অধিকারী হতে হবে।<br>গ) প্রার্থীকে পরিষ্কার-পরিচ্ছন্নতা, বাগান তৈরী ও পরিচর্যা কাজে পারদর্শী হতে হবে।<br>ঘ) অভিজ্ঞতা নিষ্প্রয়োজন। তবে সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। | |

**প্রার্থীর ক্ষেত্রে প্রযোজ্য শর্তাবলীঃ**

০১। আবেদনকারীগণকে ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ওয়েব সাইট (**https://pbs2.dhaka.gov.bd**) হতে **আবেদন ফরম (ফরম নং পমাসপ ১১০-০০২, ভার্সন-০১) ডাউনলোড পূর্বক নিজ হাতে যথাযথভাবে পূরণ করে আগামী ১৭/০৩/২০২৫ খ্রিঃ তারিখ রোজ সোমবার অফিস চলাকালীন সময়ের মধ্যে সিনিয়র জেনারেল ম্যানেজার, ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২, পানালিয়া, নবাবগঞ্জ, ঢাকা এর বরাবর** ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে। ওয়েব সাইট হতে ডাউনলোডকৃত আবেদন ফরম ব্যতীত সাদা কাগজে/টাইপকৃত/স্বাক্ষর ব্যতীত/অসম্পূর্ণ বা ভুল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। **ডাকযোগে বা কুরিয়ার সার্ভিস ব্যতীত সরাসরি কিংবা ১৭/০৩/২০২৫ খ্রিঃ তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।**

০২। **প্রার্থীগণকে আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজ পত্র সমুহ সংযুক্ত করতঃ আবেদন করতে হবেঃ**

(ক) ওয়েব সাইট হতে A-4 সাইজের কাগজে ডাউনলোডকৃত আবেদন ফরম;
(খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদের সত্যায়িত কপি (মার্কশীট/প্রশংসা পত্র গ্রহণযোগ্য হবে না);
(গ) সদ্য তোলা ০৩ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি (ছবির পিছনে প্রার্থীর নাম লিখা থাকতে হবে);
(ঙ) স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;
(চ) জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপি;
(ছ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

**প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।**

(জ) **সিনিয়র জেনারেল ম্যানেজার, ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর অনুকূলে যে কোন তফসীলি ব্যাংক হতে ১০০/- (একশত) টাকা মূল্যমানের এমআইসিআর পে- অর্ডার/ ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে। পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়।**

০৩। নিয়োগের ক্ষেত্রে সরকারি নির্দেশাবলী, কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) ও অন্যান্য নীতিমালা যথাযথভাবে অনুসরণ করা হবে।

০৪। সরকারী/ আধা-সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থা/পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

০৫। ইতঃপূর্বে কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্তকৃত/স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীকে উক্ত পদে আবেদন করার প্রয়োজন নাই। বাংলাদেশের কোন ফৌজদারী আদালত কর্তৃক দন্ড প্রাপ্ত হয়ে থাকলে আবেদন করার প্রয়োজন নাই।

০৬। ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর কর্মকর্তা/কর্মচারী(গণ)-এর প্রথম মাত্রার রক্ত সম্পর্কীয় আত্মীয় (First Blood) বা সমিতির কর্মচারী(গণ)-এর স্বামী/স্ত্রীর প্রথম মাত্রার রক্ত সম্পর্কীয় আত্মীয় (First Blood) এবং একইভাবে সমিতি বোর্ডের এলাকা পরিচালক/ মহিলা পরিচালক(গণ)-এর প্রথম মাত্রার রক্ত সম্পর্কীয় আত্মীয়দের (First Blood) আবেদন করার প্রয়োজন নেই।

০৭। তথ্য গোপন করে যদি কেউ নিয়োগ প্রাপ্ত হন তবে তাকে তদন্ত ব্যতিরেকে চাকুরীচ্যুত করা হবে এবং প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৮। লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের সময় প্রার্থীকে অব্যশই সকল শিক্ষাগত ও অন্যান্য সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

০৯। অসম্পূর্ণ আবেদনপত্র তথা নির্ধারিত আবেদনপত্র যথাযথভাবে পূরণ করা না হলে বা আংশিক পূরণ করা হলে বা ভুল তথ্য প্রদান করা হলে বা স্বাক্ষর করা না হলে অথবা প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যে কোন গড়মিল পাওয়া গেলে আবেদনপত্র বাছাই প্রক্রিয়ার অর্থাৎ লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষার পূর্বেই

ISO 9001: 2015 Certified

# ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২
## পানালিয়া, নবাবগঞ্জ।

সদর দপ্তর, পানালিয়া, নবাবগঞ্জ
E-mail : dhakapbs2@gmail.com
Website: pbs2.dhaka.gov.bd

বা পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে। যদি কোন প্রার্থীর ক্ষেত্রে আবেদন পত্রের কোন অংশ প্রযোজ্য না হয় সেই ক্ষেত্রে "প্রযোজ্য নয়" উল্লেখ করতে হবে।

১০। প্রার্থীদের লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই কেবল ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন।

১১। খামের উপর অবশ্যই বড় অক্ষরে পদের নাম ও নিজ জেলা উল্লেখ করতে হবে।

১২। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

03.03.25

(প্রকৌঃ মোঃ সাখাওয়াত হোসেন)
সিনিয়র জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ** (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়- বিজ্ঞপ্তিটি আপনার নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ)।

০১। জেলা প্রশাসক, ঢাকা।
০২। পুলিশ সুপার, ঢাকা।
০৩। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।

সদয় অবগতির জন্য

০৪। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃঅঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৫। পরিচালক, পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৬। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (বাপবিবো এর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৭। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা জোন, বাপবিবোর্ড, ঢাকা।
০৮। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ..........................পবিস- ১/২/৩/৪।
০৯। নির্বাহী প্রকৌশলী, এসওডি (ঢাকা দঃ), বাপবিবোর্ড, ।
১০। ডিজিএম, দোহার জোনাল অফিস/সদর -কারিগরী, ঢাকা পবিস-২।
১১। এজিএম (ওএন্ডএম), বান্দুরা/নারিশা সাব-জোনাল অফিস, ঢাকা পবিস-২।
১২। এজিএম (অর্থ-হিসাব/ওএন্ডএম/ইএন্ডসি/এমএস/প্রশাসন/অর্থ-রাজস্ব), ঢাকা পবিস-২।
১৪। এজিএম (আইটি), ঢাকা পবিস-২ (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা নিন- প্রয়োজনীয় দলিলাদিসহ)।
১৫। নোটিশ বোর্ড/ওয়েব সাইট (**https://pbs2.dhaka.gov.bd**), ঢাকা পবিস-২।
১৬। অফিস কপি/মাস্টার কপি।

03.03.25

(প্রকৌঃ মোঃ সাখাওয়াত হোসেন)
সিনিয়র জেনারেল ম্যানেজার

পমাসপ ১১০-০০২, ভার্সন-০১
অনুমোদিত ঃ ১৭/০৪/২০১৪ খ্রিঃ
ফরম নং ঃ পমাসপ ১১০-০০২, ভার্সন-০১

**ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর "অফিস সহায়ক ও মালী'' পদে**
**প্যানেলভূক্তি/নিয়োগ লাভের জন্য আবেদন ফরম**
**(সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে)**

এখানে পাসপোর্ট সাইজের এক কপি রঙিন ছবি ১ম শ্রেণীর কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে স্ট্যাপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে।

সিনিয়র জেনারেল ম্যানেজার
ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২
পানালিয়া, নবাবগঞ্জ, ঢাকা।

১. নিয়োগ বিজ্ঞপ্তির নং- ২৭.১২.২৬৬২.৫৬১.০২.০০৮.২৫. তারিখঃ- /০৩/২০২৫ খ্রিঃ

২. আবেদনকৃত পদের নামঃ ........................................................ ৩. পদের ধরণঃ ..................................................
(বিজ্ঞপ্তিতে যেভাবে উল্লেখ আছে)

.................................................... ....................................................

৪. বিজ্ঞাপনের সূত্র/পত্রিকার নাম ৫. প্রকাশনার তারিখ

.................................................... ....................................................

৬. আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়) (ইংরেজীতে বড় হাতের অক্ষরে)

.................................................... ........../........../.................(দিন/মাস/বছর)

৭. জন্ম তারিখ (এসএসসি পরীক্ষার সনদ অনুযায়ী) ৮. বয়স (১৭/০৩/২০২৫ খ্রিঃ তারিখে)

.................................................... ....................................................

৯. মাতার নাম ১০. পিতার নাম

.................................................... ....................................................

১১. ধর্ম ১২. জাতীয়তা

.................................................... ....................................................

১৩. নিজ জেলা ১৪. টেলিফোন/মুঠো ফোন নম্বর

১৫. বৈবাহিক অবস্থা : (টিক(√)দিন ☐ বিবাহিত ☐ অবিবাহিত

১৬. কোন কোটার সুবিধা প্রাপ্য (বক্সের ভিতর খালি অংশে টিক (√) দিনঃ

☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার/বীরাঙ্গনার সন্তান ☐ ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ☐ শারিরীক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ

১৭. স্থায়ী ঠিকানাঃ

| ................................ | ................................ | ................................ | ................................ |
|---|---|---|---|
| ক. গ্রাম/সড়ক/বাড়ী | খ. ডাকঘর | গ. উপজেলা/থানা | ঘ. জেলা |

ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২
তাং..............
নবাবগঞ্জ, ঢাকা-১৩২০

**১৮. যে ঠিকানায় প্রার্থী প্রবেশ পত্র/নিয়োগ পত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুক:**

| ............................... | ................................ | ....................................... | ................................... |
|---|---|---|---|
| ক. গ্রাম/সড়ক/বাড়ী | খ. ডাকঘর | গ. উপজেলা/থানা | ঘ. জেলা |

| ------------------------------------ | ............................................... | ........................................ |
|---|---|---|
| ১৯. এমআইসিআর পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট এর নম্বর | ২০.এমআইসিআর পে- অর্ডার/ ব্যাংক ড্রাফট এর মূল্য | ২১. ইস্যুর তারিখ |

**২২. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে):**

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | বিভাগ/শ্রেণী/জিপিএ/সিজিপিএ | | সার্টিফিকেট/ডিগ্রী অর্জনের বছর |
|---|---|---|---|---|
| | | জিপিএ/সিজিপিএ স্কেল | প্রাপ্ত বিভাগ/শ্রেণী/জিপিএ/সিজিপিএ | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

**২৩. অভিজ্ঞতার বিবরণ (সনদ দ্বারা সমর্থিত হতে হবে) :**

২৪. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে) ঃ

| নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা | চাকুরী / পদের নাম ও বেতনক্রম | যোগদানের তারিখ | চাকুরী পরিত্যাগের তারিখ |
|---|---|---|---|
| | | | |
| | | | |

২৫. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত) ঃ

| নাম, পদবী / পেশা, ঠিকানা, টেলিফোন / মুঠো ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে) |
|---|
| ০১। |
| ০২। |

২৬. পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত বিভাগীয় প্রার্থীদের জন্য:

| কর্মরত পবিস এর নাম | পদের নাম | বর্তমান পদে মোট চাকুরীকাল | প্রযোজ্য আবশ্যিক সকল প্রশিক্ষণে উত্তীর্ণ কি না (হাঁ/না) জবাব হাঁ হলে সনদ সংযুক্ত করতে হবে | পবিস কর্মচারী চাকুরী বিধি অনুযায়ী কোন দন্ড প্রদত্ত হলে দন্ডের তারিখ ও দন্ডের বিবরণ (গুরুদন্ড/লঘুদন্ড) |
|---|---|---|---|---|
| | | | | |

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উল্লিখিত যে সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদনপত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্ত পুরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তাহলে বাপবিবোর্ড/পবিস কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবো এবং আমার বিরুদ্ধে বাপবিবো/পবিস কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকবো। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হয়ে যদি আমি মৌখিক পরীক্ষার জন্য বিবেচিত হই, সেক্ষেত্রে মৌখিক পরীক্ষায় স্বাক্ষাৎকার প্রদানের সময় কর্তৃপক্ষের নিকট আমার সকল শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা ও অভিজ্ঞতা সনদ এর ০২ (দুই) সেট অবিকল প্রতিলিপি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত পূর্বক সরবরাহ করতে এবং মূল সনদসমূহ প্রদর্শণ করতে বাধ্য থাকবো।

ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২
স্মা.
তাং.........
নবাবগঞ্জ, ঢাকা-১৩২০

| .................................. | .................................................... |
|---|---|
| তারিখ | আবেদনকারীর স্বাক্ষর |

ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২
পানালিয়া, নবাবগঞ্জ, ঢাকা।

এখানে পাসপোর্ট সাইজের এক কপি রঙ্গিন ছবি ১ম শ্রেণীর কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে স্ট্যাপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে।

**লিখিত (এমসিকিউ/রচনামূলক)/মৌখিক সাক্ষাৎকার পরীক্ষার**

# প্রবেশ পত্র

**(অফিস কর্তৃক পূরণীয়)**

প্রার্থীর রোল নম্বরঃ....................................................................

পরীক্ষার তারিখঃ .......................................................................

পরীক্ষার সময়ঃ .........................................................................

পরীক্ষা কেন্দ্রের নামঃ.................................................................

পরীক্ষা কেন্দ্রের ঠিকানাঃ.............................................................

নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ বা তার মনোনীত প্রতিনিধির স্বাক্ষরঃ.......................

**(প্রার্থী/আবেদনকারী কর্তৃক পূরণীয়)**

প্রার্থী যে ঠিকানায় প্রবেশপত্র পেতে ইচ্ছুকঃ

পদের নামঃ ................................................................................

প্রার্থীর নামঃ ..............................................................................

পিতাঃ.........................................................................................

গ্রামঃ..........................................................................................

ডাকঘরঃ......................................................................................

উপজেলাঃ....................................................................................

জেলাঃ.........................................................................................

মোবাইল নং-................................................................................

ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২
তাং................
নবাবগঞ্জ, ঢাকা-১৩২০

# প্রার্থী/আবেদনকারীর প্রতি সাধারণ নির্দেশাবলী

০১। পরীক্ষার দিন অবশ্যই প্রবেশপত্রটি সাথে আনতে হবে। প্রবেশপত্র ছাড়া পরীক্ষায় অংশ গ্রহণ করতে দেয়া হবে না।

০২। নির্ধারিত সময়ের অন্ততঃ ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে প্রার্থীকে আসন গ্রহণ করতে হবে। প্রশ্নপত্র দেয়ার পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে/কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শেষ হওয়ার পূর্বে পরীক্ষা কক্ষ/কেন্দ্র ত্যাগ করা যাবে না। কোন কারণে পরিদর্শকের অনুমতি নিয়ে একবার পরীক্ষা কক্ষ ত্যাগ করলে পুনরায় পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না।

০৩। উত্তরপত্র পূরণের জন্য বলপেন ব্যবহার করতে হবে। পেন্সিল ব্যবহার করা যাবে না।

০৪। পরীক্ষা কক্ষে কোন ব্যাগ, বই পত্র লেখাযুক্ত বা সাদা কাগজ, ক্যালকুলেটর, মুঠো ফোন, ঘড়ি, ক্যামেরা অথবা যে কোন ধরণের ইলেকট্রনিক ডিভাইস আনা সম্পূর্ণ নিষেধ।

০৫। চাকুরীর আবেদন পত্রের সঙ্গে মিল রেখে হাজিরা তালিকা, উত্তর পত্র এবং অন্যান্য কাগজ পত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর এক ও অভিন্ন হতে হবে।

০৬। পরীক্ষা শেষে পরীক্ষার্থীকে নিজ আসনে অবস্থান করে অবশ্যই প্রশ্নপত্রসহ উত্তরপত্রটি পরিদর্শকের নিকট জমা দিতে হবে।

০৭। উল্লিখিত নিয়মাবলী ভঙ্গ করলে অথবা পরীক্ষা কক্ষে কোন ধরণের অশোভন আচরণ করলে কর্তব্যরত পরিদর্শক উক্ত পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্র থেকে বহিষ্কার করতে পারবেন। ক্ষেত্রবিশেষ পরিদর্শক গোপনীয়ভাবে উক্ত পরীক্ষার্থীর রোল নম্বর বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড/ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-২ কর্তৃপক্ষের নিকট জমা দেবেন এবং কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজন বোধে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।